

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১৩৭.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর অফিস কম্পাউন্ড এর স্ট্রম ড্রেনেজ লাইন ও সূর্যার পিট পরিষ্কার এবং অন্যান্য কাজ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর অফিস কম্পাউন্ড এর স্ট্রম ড্রেনেজ লাইন ও সূর্যার পিট পরিষ্কার এবং অন্যান্য কাজ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২০/৭/২৩ ৪:৫৫ অপরাহ্ন

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন অফিস কম্পাউন্ডের অভ্যন্তরের বিশাল জায়গার বৃষ্টির পানি অপসার এবং অভ্যন্তরীণ স্ট্রম ড্রেনেজ লাইন ও সূর্যার পিট সমূহ দীর্ঘ দিন পরিষ্কার করা হয় না। ফলে অভ্যন্তরীণ স্ট্রম ড্রেনেজ লাইন এবং সূর্যার পিট সমূহ বিভিন্ন ধরনের স্লাজ ও ময়লা আর্বজনায়ে পরিপূর্ণ হয়ে গিয়েছে। এতে একদিকে ড্রেনেজ প্রবাহ বাধা গ্রন্থ হচ্ছে অন্য দিকে পানি জমে মশা-মাছির বংশ বিস্তার হচ্ছে। বর্তমানে এডিস মশার উপদ্রুপ বেড়ে যাওয়ায় যথাযথ কর্মপরিবেশ বজায় রাখার জন্য অফিস কম্পাউন্ড সার্বক্ষণিক পরিষ্কার রাখা প্রয়োজন। এদিকে ডিএনসিসির টিম প্রতি নিয়ত বিভিন্ন স্থাপনা পরিদর্শন করছে। মশকমুক্ত পরিবেশে ঢাকা ওয়াসার কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব পালনের স্বার্থে জরুরী ভিত্তিতে অফিস কম্পাউন্ডের অভ্যন্তরীণ স্ট্রম ড্রেনেজ লাইন ও সূর্যার পিট সমূহ ভাল ভাবে পরিষ্কার-পরিছন্ন করা প্রয়োজন। বর্ণিত কাজটি সম্পন্ন করণে বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলণ তৈরী করা হল। প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে টাঃ ৪৯,৩০০/- (উনপঞ্চাশ হাজার তিনশত টাকা মাত্র) টাকা (সংযুক্তি-১ এ প্রাক্কলণ)। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৩-২৪ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার অফিস রক্ষণাবেক্ষণ খাত (বাজেট কোডঃ ০১-০২-০১২) এর G(ii)(1) হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (১):

১। প্রাক্কলণ।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২০/৭/২৩ ৪:৫৭ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর অফিস কম্পাউন্ড এর স্ট্রম ড্রেনেজ লাইন ও সূর্যার পিট পরিষ্কার এবং অন্যান্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী রুসাফা কর্পোরেশনস এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য উপস্থাপিত টাঃ ৪৯,৩০০/- (উনপঞ্চাশ হাজার তিনশত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেওয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

২৪/৭/২৩ ৪:২৪ অপরাহ্ন
মানিক চন্দ্র মহানায়ক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

২৪/৭/২৩ ৪:৪২ অপরাহ্ন
মোঃ আসাদুজ্জামান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

২৫/৭/২৩ ৮:৪৬ পূর্বাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২৫/৭/২৩ ৪:৪২ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২

২৫/৭/২৩ ৪:৪২ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৬/৭/২৩ ৯:২২ পূর্বাহ্ন

অনুমোদিত

২৬/৭/২৩ ৯:২৩ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২৬/৭/২৩ ৯:৩৬ পূর্বাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২৬/৭/২৩ ৯:৩৬ পূর্বাহ্ন
মানিক চন্দ্র মহানায়ক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা